ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন
স্টেশন প্রকৌশলী
উপ-স্টেশন প্রকৌশলী
সহকারী বেতার প্রকৌশলী
রেডিও টেকনিশিয়ান

৩২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
www.betar.gov.bd

**নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার**

নং- ১৫.৫৩.০০০০.০১৬.১৬.০০১.২৩. ৪২২ তারিখ: ০৭/০৪/২০২৪ খ্রী:

18-4-24

## স্থায়ী আদেশ

বিষয়: বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও কেপিআই এর অভ্যন্তরে যে কোন ধরনের প্রাকৃতিক দূযোর্গ মোকাবেলা/প্রতিরোধকল্পে, কর্মকর্তা/কর্মচারীদের করণীয় কর্তব্য ও দায়িত্ব সম্পর্কে স্থায়ী আদেশ জারি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও কেপিআই এর অভ্যন্তরে যে কোন ধরনের প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলা/প্রতিরোধকল্পে, কর্মকর্তা/কর্মচারীদের করনীয় কর্তব্য ও দায়িত্ব সম্পর্কে স্থায়ী আদেশ জারি করা হলো :

১। সাধারণত অগ্নি দূর্ঘটনা মোকাবেলা/প্রতিরোধে, কর্তব্যরত কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য :

ক) দপ্তরের গুরুত্বপূর্ণ কন্ট্রোলরুম, সাবস্টেশন রুম, ট্রান্সমিটার রুম এবং স্টুডিওসহ যে কোন স্থানে আগুনের সুত্রপাত হলে উল্লিখিত স্থানের কর্তব্যরত কর্মকর্তা/কর্মচারীগণ দ্রুত শিফট ইনচার্জ/নিরাপত্তা কর্মকর্তা/উপ-বার্তা নিয়ন্ত্রক (নিরাপত্তা), অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং পরিচালক (প্রশাসন ও অর্থ)-কে তাৎক্ষণিকভাবে অবহিত করবেন এবং তাৎক্ষণিকভাবে নিজ নিজ দায়িত্বে অগ্নি নির্বাপন যন্ত্র ব্যবহারের মাধ্যমে অগ্নি প্রতিরোধ শুরু করতে হবে।

খ) শিফট ইনচার্জ/নিরাপত্তা কর্মকর্তা/উপ-বার্তা নিয়ন্ত্রক (নিরাপত্তা)/অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং পরিচালক (প্রশাসন ও অর্থ)-কে অবহিতকরনসহ প্রয়োজনে উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণ তাৎক্ষণিকভাবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃপক্ষ এবং অন্যান্য সাহায্যকারী কর্তৃপক্ষের বরাবরে টেলিফোন করবেন। অফিস সময়ের পরে এ ধরনের ঘটনা ঘটলে নিরাপত্তার কর্মকর্তার অবর্তমানে প্রত্যেক ট্রান্সমিটারে/স্টুডিও/কন্ট্রোলরুমে দায়িত্বরত শিফট ইনচার্জসহ উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণ উক্ত দায়িত্ব পালন করবেন।

গ) দপ্তরের গুরুত্বপূর্ণ জাতীয় বেতার ভবন কন্ট্রোলরুমে ও সিনিয়র প্রকৌশলী'র দপ্তরের ট্রান্সমিটার রুম এবং কন্ট্রোলরুমে বিপদকালীন সকলকে অবহিত করানোর জন্য ২টি সাইরেন রয়েছে। উহা তাৎক্ষণিকভাবে বাজানোর জন্য ঐ স্থানে কর্তব্যরত কর্মকর্তা/কর্মচারীগণ এবং ঘটনাস্থলে উপস্থিত যে কোন কর্মকর্তা ও কর্মচারী শিফট ইনচার্জকে দ্রুত অবহিত করবেন। প্রতি ফ্লোরে স্মোক ডিটেক্টরের ম্যানুয়াল কল পয়েন্ট (MCP) ভেঙ্গে দিতে হবে।

দপ্তরের অন্যান্য যে কোন স্থানে বিপদ হলে ঐস্থানে কর্তব্যরত কর্মকর্তা/কর্মচারী উপস্থিত সকলকেসহ শিফট ইনচার্জ/নিরাপত্তা কর্মকর্তা/উপ-বার্তা নিয়ন্ত্রক (নিরাপত্তা), অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং পরিচালক (প্রশাসন ও অর্থ)-কে তাৎক্ষণিকভাবে জানাতে হবে।

ঘ) বিপদকালীন বহিরাগত সাহায্যকারী সংস্থা আগমনের পূর্বে ঘটনা সূত্রপাতের স্থানে কর্তব্যরত কর্মকর্তা কর্মচারীগণ এবং উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীগণকে প্রাথমিকভাবে দপ্তরের বিভিন্ন স্থানে সংস্থাপিত অগ্নি নির্বাপক যন্ত্র/ফায়ার এক্সটিংগুইসার দিয়ে আগুন নিভানোর চেষ্টা অব্যাহত রাখতে হবে।

২। নিরাপত্তা শাখার কর্মী :

ক) প্রয়োজনীয় সতর্কতা গ্রহণপূর্বক ফায়ার সাভিস ও সাহায্যকারী সংস্থাকে ভিতরে প্রবেশের সুবিধার্থে দ্বিতীয় গেইটটি খুলে দিতে হবে।
খ) দ্রুততার সঙ্গে সংস্থাপিত ফায়ার এক্সটিংগুইসারগুলো ব্যবহার নিশ্চিত করতে হবে।
গ) সাইরেন বাজাতে হবে, স্মোক ডিটেক্টরের ম্যানুয়াল কল পয়েন্ট (MCP) ভেঙ্গে দিতে হবে। এবং দ্রুত সবাইকে ভবনের ২ পার্শ্বের Exit দিয়ে শৃঙ্খলার সাথে নিচে নেমে আসার জন্য হ্যান্ডমাইকে জরুরি ঘোষণা দিতে হবে।
ঘ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কন্ট্রোল রুমে ফোন করতে হবে।
ঙ) আটকে পড়া কর্মকর্তা/কর্মচারী/অভ্যাগতদের উদ্ধারে প্রাথমিক পদক্ষেপ নিতে হবে।
চ) ভবনে সামনে ফাঁকা জায়গায় মিলন স্থান (এসেম্বলি পয়েন্ট) নির্দিষ্টকরণ করতে হবে।

চলমান পাতা-২

৬১৬
১৭/৭/২৩



৩। শিফট ইনচার্জ :

ক) সতর্কতার সঙ্গে বৈদ্যুতিক মেইন সুইচ বন্ধ করার ব্যবস্থা নিতে হবে।
খ) সম্প্রচার যন্ত্রপাতি নিরাপত্তার বিধানকল্পে ব্যবস্থা নিতে হবে।
গ) ব্যক্তি ও সম্পদের সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করতে ব্যবস্থা নিতে হবে।
ঘ) আগুন নিভানোর জন্য জরুরিভিত্তিতে ফায়ার সার্ভিস কর্তৃপক্ষসহ অন্যান্য সাহায্যকারী সংস্থাকে অবহিত করার ব্যবস্থা নিতে হবে।
ঙ) লিফট অপারেটরদের দিয়ে যতদ্রুত সম্ভব ভবনের লিফটগুলো বন্ধ করে দিতে হবে।

৪। ভূমিকম্প ও অন্যান্য দূর্ঘটনার ক্ষেত্রে, কর্তব্যরত কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রাথমিকভাবে দূর্ঘটনা প্রতিরোধ দায়িত্ব পালন করতে হবে (স্ব স্ব পালায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীগণ) প্রয়োজনীয় সর্তকতা অবলম্বনসহ উদ্ধার কর্মী ও নিরাপত্তারক্ষীদের সাহায্য করতে হবে।

৫। জরুরি প্রয়োজনে নিম্নবর্ণিত নম্বরসমূহে ফোন করতে হবে :

| ক্রঃ নং | নাম | টেলিফোন নম্বর | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১. | ফায়ার স্টেশন, সিদ্দিক বাজার, ঢাকা | ০২-২২৩ ৩৫৫ ৫৫৫<br>হটলাইন- ১৬ ১৬৩ | ০১৭৩০ ০০২ ২১০ |
| ০২. | ফায়ার স্টেশন আসাদ গেইট | ০২-৪৮ ১১৮ ৮৮৮ | |
| ০৩. | ফায়ার স্টেশন, মিরপুর | | ০১৭৩০ ০০২ ২২৭ |
| ০৪. | মোহাম্মদপুর থানা | | ০১৭৩০ ০০২ ২২৯ |
| ০৫. | শেরে বাংলা নগর, থানা | ০২-৪৮ ১১৭ ৮৬২ | ০১৩২০ ০৪০ ৮৬৫ |
| ০৬. | পরিচালক (প্রশাসন ও অর্থ) | ০২-৪৮ ১১৪ ১২২ | ০১৩২০ ০৪০ ৯২৪ |
| ০৭. | অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) | ০২-৪৪ ৮১৩ ০৭১ | ০১৭১১ ৩৫০ ০২০ |
| ০৮. | উপ-বার্তা নিয়ন্ত্রক (নিরাপত্তা) | ০২-৪৪ ৮১৩ ০৭৩ | ০১৭৫৫ ৬৭২ ৯৭৯ |
| ০৯. | নিরাপত্তা কর্মকর্তা (সদর দপ্তর) | ০২-৪৪ ৮১৩ ০৮৬ | ০১৭১২ ৪৪৩ ৮৬৩ |
| | | ০২-৪৪ ৮১৩ ১৪৭ | ০১৫৫২ ৩১৬ ১৪৬ |

৬। বাংলাদেশ বেতার, সদর দপ্তর, শাহবাগ, ঢাকার ১০.০৭.২০১৪ খ্রিঃ তারিখের ১৫.৫৩.০০০০.০১৬.১৬.০০১.১৪.৬৫ নং সংখ্যক স্থায়ী আদেশটি এতদ্বারা বাতিল করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৭/৪/২৪

মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী
পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে।
ফোনঃ ০২-৪৪৮১৩০৭১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। উপ- মহাপরিচালক (অনুষ্ঠান-১/২ ও বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংরক্ষণ ও সরঞ্জাম/কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা।
৫। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৬। পরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
৮। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, শেরে বাংলা নগর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৯। সিনিয়র প্রকৌশলী, সংরক্ষণ অনুবিভাগ/জাতীয় বেতার ভবন/পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, শেরে বাংলা নগর, ঢাকা।

চলমান পাতা-৩

০১.০৫.২৪ ৭/৪/২৪

D:\Ashiq\15.53.0000.016.16.001.23 Security 1

সিকিউরিটি অফিসার
বাংলাদেশ বেতার, সদর দপ্তর
ঢাকা

মোঃ জাকির হোসেন
উপ-বার্তা নিয়ন্ত্রক
বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা

১০। পরিচালক, অনুষ্ঠান/ লিয়াজোঁ/ শিক্ষা/ সংগীত/ বাণিজ্যিক কার্যক্রম/ কৃষি বিষয়ক কার্যক্রম/ ট্রান্সক্রিপশন সার্ভিস/ বহির্বিশ্ব কার্যক্রম/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টিসেল, বাংলাদেশ বেতার, শেরে বাংলা নগর, ঢাকা।
১১। আঞ্চলিক প্রকৌশলী, সিনিয়র প্রকৌশলীর দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।
১২। স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর/ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩। আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, শেরে বাংলা নগর, ঢাকা।
১৪। অতিরিক্ত পরিচালক, (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৫। উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৬)। উপ বার্তা নিয়ন্ত্রক (নিরাপত্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৭। সিকিউরিটি অফিসার, বাংলাদেশ বেতার, সদর দপ্তর/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৮। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৯। নথি।
২০। গার্ড ফাইল।